

রাজনীতিতেও ভূমিকা রাখতে হবে শিক্ষার্থীদের

৩০ জুন ২০১৯ ০০:০০

আপডেট: ৩০ জুন ২০১৯ ০০:১৩



দৈনিক
আমাদেরশোময়

জাতীয় পার্টির ভারপ্রাপ্ত চেয়ারম্যান গোলাম মোহাম্মদ কাদের (জিএম কাদের) বলেছেন, জ্ঞান সমৃদ্ধ জাতি গঠনে জাতীয় ছাত্র সমাজকে অগ্রণী ভূমিকা রাখতে হবে। তিনি বলেন, জাতীয় ছাত্র সমাজই হুসেইন মুহম্মদ এরশাদের স্বপ্নের নতুন বাংলাদেশ গড়তে অগ্রণী ভূমিকা রাখবে। ছাত্র সমাজকে জ্ঞান আহরণের পাশাপাশি দেশ ও জাতির স্বার্থে ইতিবাচক রাজনীতিতে ভূমিকা রাখতে হবে। গতকাল দুপুরে জাতীয় ছাত্র সমাজের সম্মেলন প্রস্তুতি কমিটির আহ্বায়ক ও সদস্য সচিবের নাম ঘোষণাকালে তিনি এসব কথা বলেন। এ সময় উপস্থিত ছিলেন জাতীয় পার্টির প্রেসিডিয়াম সদস্য অ্যাডভোকেট রেজাউল ইসলাম ভূইয়া, আলমগীর সিকদার লোটন, ছাত্র সমাজের সাবেক সভাপতি শামিম আহমেদ রিজভী প্রমুখ।
ঘনিজস্ব প্রতিবেদক